

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৪৭
আগরতলা, ২মে, ২০২৬

ত্রিপুরা গ্রামীণ ব্যাংক এর ব্যবসার পরিমাণ আগের
তুলনায় অনেক বেড়েছে : গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান

ত্রিপুরা গ্রামীণ ব্যাংক এর ব্যবসার পরিমাণ আগের তুলনায় অনেক বেড়েছে। ২০২৫-২৬ অর্থবছরে ত্রিপুরা গ্রামীণ ব্যাংক ১৫ হাজার ৪০০ কোটি টাকা ব্যবসা করেছে। ২০২৫-২৬ অর্থবছরে ত্রিপুরা গ্রামীণ ব্যাংক ১৮৪.৮৪ কোটি টাকা মুনাফা করেছে। গত ২০২৪-২৫ অর্থবছরে গ্রামীণ ব্যাংকের মোট ব্যবসার পরিমাণ ছিল ১৪.০৬৫ কোটি টাকা। আজ প্রজ্ঞাভবনে সাংবাদিক সম্মেলনে ত্রিপুরা গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান সত্যেন্দ্র সিং একথা জানান।

গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান জানান, গত অর্থবছরে গ্রামীণ ব্যাংক বিভিন্ন প্রকল্পে ২ হাজার ৪২৭ কোটি ৮৬ লক্ষ টাকা ঋণ দিয়েছে। এর আগের অর্থবছরে ব্যাংক ঋণ দিয়েছিল ২১৯২.৬৪ কোটি টাকা। চেয়ারম্যান জানান, ত্রিপুরা গ্রামীণ ব্যাংকে ৫.৩৯ লক্ষ মানুষের জনধন অ্যাকাউন্ট রয়েছে। প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা योजना, প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বীমা योजना, অটল পেনশন योजना প্রভৃতি প্রকল্পে গ্রামীণ ব্যাংকের গুরুত্বপূর্ণ অবদান রয়েছে। বর্তমানে রাজ্যের ৮টি জেলায় গ্রামীণ ব্যাংকের ১৫০টি শাখা রয়েছে। আঞ্চলিক কার্যালয় রয়েছে ৩টি। রাজ্যের ৪৩টি জায়গায় এটিএম পরিষেবার ব্যবস্থা রয়েছে। সাংবাদিক সম্মেলনে চেয়ারম্যান ছাড়াও উপস্থিত ছিলেন ত্রিপুরা গ্রামীণ ব্যাংকের জেনারেল ম্যানেজার অনুপ কুমার সাহা এবং চিফ ম্যানেজার শৈলেশ বিশ্বরঞ্জন।
